



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

বিদেশি কারিগুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের নিবন্ধন সনদ

স্মারক নং- ১০১/ইংলিশ/ ৭১৭

তারিখ : ২৫/৮/১৯

প্রত্যয়ন করা যাচ্ছে, **Cardiff International School Dhaka**, বাড়ি # ৬০/এ, রোড # ১৬(নতুন), ধানমন্ডি, ঢাকা-কে “রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুল”স অর্ডিনেন্স, ১৯৬২ (Ordinance No. xx of 1962) প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বিদেশি কারিগুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা ২০১৭ (এস.আর.ও. নং- ১৭৩-আইন/২০১৭)-এর ধারা ৪-এর উপ-ধারা (২) এর বিধান মোতাবেক উক্ত বিদ্যালয়-কে ০১/০১/২০১৯ হতে ৩১/১২/২০২০ তারিখ পর্যন্ত ২ (দুই) বছরের জন্য (‘ও’ লেভেল এবং ‘এ’ লেভেল) নিবন্ধন প্রদান করা হলো। উক্ত বিদ্যালয়ের নিবন্ধন প্রতি ৩ (তিনি) বৎসর মেয়াদে নবায়ন যোগ্য হবে।

বিধিমালায় বর্ণিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়কে নিম্নোক্ত শর্তসমূহ পালন করতে হবে

শর্তসমূহ

- ১। প্রতিষ্ঠানে প্রতিদিন যথানিয়মে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে।
- ২। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ও প্রকাশিত ‘বাংলাদেশ ও বিশ্বপরিচয়’ পাঠ্যপুস্তকটি অবশ্যই প্রতিশ্রেণিতে পাঠদান করাতে হবে।
- ৩। উন্নিষ্ঠিত বিধিমালার ধারা ১০-এর উপধারা ২ ও ৫ মোতাবেক বিদ্যালয়ের সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিলে নির্ধারিত টাকা জমা রাখতে হবে। সংরক্ষিত তহবিলের টাকা স্থায়ী আমানত/সঞ্চয়পত্র হিসাবে জমা করতে হবে। রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত সংরক্ষিত তহবিলের টাকা ভাঙানো বা উত্তোলন করা যাবে না।
- ৪। বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বিধিমালার ধারা ১২ অনুসরণ করতে হবে।
- ৫। ২০১৭ সালের ৫ই জুন তারিখে জারিকৃত বিধিমালার ধারা ২৩-এর অধীনে কোন বেসরকারি স্কুলের রেজিস্ট্রেশনের আবেদন প্রত্যাখ্যাত হলে অথবা অধ্যাদেশের ধারা ৬-এর অধীন রেজিস্ট্রেশন সার্টিফিকেট স্থগিত করা হলে উক্ত স্কুলের রেজিস্ট্রেশনের জন্য পুনরায় আবেদন করা যাবে।
- ৬। সংশ্লিষ্ট অডিট টিম কর্তৃক বার্ষিক অডিট করাতে হবে।
- ৭। প্রতি ৩ বছর অন্তর নির্ধারিত ফি জমা প্রদান করে শিক্ষা বোর্ড থেকে বিদ্যালয়টির নিবন্ধন নবায়ন করতে হবে।
- ৮। প্রতি আর্থিক বছরে আয়-ব্যয়ের হিসাব দাখিল করতে হবে।
- ৯। উক্ত বিধিমালার ধারা ৭ মোতাবেক বিদ্যালয়ে একটি ম্যানেজিং কমিটি থাকতে হবে এবং তা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত হতে হবে।
- ১০। ফলাফল মানসম্মত হতে হবে এবং ব্রাষ্ট স্কুল থাকলে অবশ্যই শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতি নিতে হবে।
- ১১। শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার জন্য স্থানীয় সরকার কর্তৃপক্ষের অনাপত্তি থাকতে হবে।
- ১২। উক্ত বিধিমালার ধারা ১৪ মোতাবেক প্রত্যেক বিদ্যালয়ের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে এবং উক্ত ধারার উপধারা ৪ মোতাবেক নিবন্ধনের ০৫ বছরের মধ্যে নিজস্ব ভবনে বিদ্যালয় স্থানান্তর করতে হবে। ভাড়া বাড়িতে বিদ্যালয় প্রতিষ্ঠা করলে কমপক্ষে ৫ বছরের জন্য ভাড়ার চুক্তিনামা থাকতে হবে।
- ১৩। সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত নির্দেশাবলি পালন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর প্রীতিশকুমার সরকার

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

প্রাপক : অধ্যক্ষ

Cardiff International School Dhaka
বাড়ি # ৬০/এ, রোড # ১৬(নতুন), ধানমন্ডি, ঢাকা

মেমো নং ৭১৭ (৫)

তারিখ : ২৫/৮/১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। পরিচালক/প্রতিষ্ঠাতা, **Cardiff International School Dhaka**
- ৪। পিএস- টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৫। অফিস কপি।

২০১০ খ্রিষ্টাব্দ
২০১০ খ্রিষ্টাব্দ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

২০১০ খ্রিষ্টাব্দ
২০১০ খ্রিষ্টাব্দ